



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
জেলা তথ্য অফিসার কার্যালয়
জেলা তথ্য অফিস, সিরাজগঞ্জ
diosiraiganj84@gmail.com



স্মারক নম্বর-১৫.৫৬.৮৮০০.০৪১.০৬.২০.০১২.১৭-৫৪১

তারিখঃ ২০ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
০৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: আরএফকিউপদ্ধতিতে মুজিববর্ষ উদযাপন উপলক্ষে ডিসপ্লে বোর্ডের স্থায়ী ফ্রেম তৈরী ও স্থাপনের নিমিত্তে দরপত্র আহ্বান প্রসঙ্গে।

জেলা তথ্য অফিস, সিরাজগঞ্জ কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে স্থায়ী ফ্রেমের বিলবোর্ড স্থাপনের নিমিত্তে ২০২০-২০২১ অর্থবছরে নিম্নবর্ণিত তালিকা এবং সংযুক্ত ডিজাইন অনুযায়ী এবং পিপিএ-২০০৬ (হালনাগাদ সংশোধিত) এবং পিপিআর, ২০০৮ (হালনাগাদ সংশোধিত) মোতাবেক আর এফ কিউ পদ্ধতিতে সিডিউলে বর্ণিত বিবরণ ও শর্তসাপেক্ষে প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। পূর্ত কাজের বিবরণ নিম্নরূপ:

ক্রমিক নম্বর	মালামালের বিবরণ ও নির্দেশনা	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
১.	সংযুক্ত ডিজাইন অনুযায়ী ১৫x১০ ফুট সাইজের স্টিল/লোহার ডিসপ্লেবোর্ড তৈরী ও স্থাপন। • (৪ ইঞ্চি ব্যাসের ২০ ফিট লম্বা পাইপের খুটির গোড়ায় কংক্রিট ঢালাই ৪ ফিট বাই ১৮ ইঞ্চি, ফ্রেমের চার পার্শ্বে এঞ্জেল ২ ইঞ্চি, মাঝের এঞ্জেল ১.৫ ইঞ্চি এবং প্লেনসিট ২২ গেজি) ডিসপ্লে বোর্ডের স্থায়ী ফ্রেম নির্মাণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। • ফ্রেমে টান টান করে পিভিসি সাঁটানোর /পরিবর্তনের ব্যবস্থা থাকতে হবে। • ঝড়-বৃষ্টিতে বা অন্য কোন কারণে ডিসপ্লে বোর্ড ভেঙে গিয়ে যাতেচলাচলে/জননিরাপত্তায় বিঘ্ন না ঘটে, বিষয়টি বিবেচনায় রেখে মজবুত খুটি দিয়ে ফ্রেম স্থাপন করতে হবে। • ফ্রেমের নিচে ছোট করে প্লেনসিটে অফিসের নাম ও টেলিফোন নম্বর স্থায়ীভাবে সংযুক্ত করতে হবে।	০৩(তিন)টি		

দরপত্র প্রদানের শর্তাবলী :

- (১) দরপত্র সীল মোহরকৃত খামে আগামী ১৪/০২/২০২১খ্রি. বেলা ২.৩০ ঘটিকায় তথ্য অফিস, জেলা তথ্য অফিস, সিরাজগঞ্জ ও সভাপতি, দরপত্র মূল্যায়ন কমিটি-এর কক্ষে রক্ষিত টেন্ডার বাঞ্ছা দাখিল করতে হবে এবং ঐ দিনই বেলা ৩:০০ ঘটিকায় দরপত্র মূল্যায়ন কমিটির সভায় উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
- (২) কৃতকার্য দরদাতাকে ডিজাইন অনুযায়ী ডিসপ্লেবোর্ড তৈরী ও সিরাজগঞ্জ শহরের তিনটি স্থানে স্থাপন করতে হবে।
- (৩) খামের উপরে 'ডিসপ্লেবোর্ড তৈরী ও স্থাপন' শব্দগুচ্ছ উল্লেখ করে দাখিল করতে হবে।
- (৪) দরপত্র "স্ট্যান্ডার্ড রিকোয়েস্ট ফর কোটেশন ডকুমেন্ট ফর প্রকিউরমেন্ট গুডস" (সিডিউল) মোতাবেক প্রস্তুতকরতঃ দাখিল করতে হবে, যা ক্রয়কারীর দপ্তর (জেলা তথ্য অফিস, সিরাজগঞ্জ) হতে সংগ্রহ করা যাবে।
- (৫) দরপত্রের সাথে অবশ্যই মেরামতকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেডলাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র (টিআইএন নম্বর), ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দলিলাদির প্রমাণাদি, ব্যাংক সলভেন্সি সনদ এর সত্যায়িত ফটো কপি জমা দিতে হবে।
- (৬) বিলের অনুকূলে প্রদেয় ভ্যাট/ট্যাক্স মেরামতকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- (৭) অসম্পূর্ণ/ক্রুটিপূর্ণ দর প্রস্তাব বাতিল বলে গণ্য হবে।
- (৮) একক ও মোট দর কথায় ও অংকে উল্লেখ করতে হবে।
- (৯) দর প্রস্তাবে কোনরকম কাটাকাটি / ঘষামাজা গ্রহণযোগ্য হবেনা।
- (১০) কার্যাদেশ দেয়ার ০৭ (সাত) দিনের মধ্যে কৃতকার্য সরবরাহকারী প্রতিষ্ঠান বিলবোর্ড তৈরী ও স্থাপন করে সিরাজগঞ্জ জেলা তথ্য অফিসে ভালো অবস্থায় বুঝিয়ে দিতে হবে।
- (১১) দরপত্র অবশ্যই তথ্য অফিস, জেলা তথ্য অফিস, সিরাজগঞ্জ বরাবরে লিখতে হবে।
- (১২) ডিসপ্লে বোর্ডের কাঁচামালসহ যাবতীয় উপাদান নিজ দায়িত্বে ও নিজ খরচে নির্দিষ্ট স্থানে স্থাপন করতে হবে।
- (১৩) শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- (১৩) কোন কারণদর্শানো ছাড়াই কর্তৃপক্ষ যে কোন দরপ্রস্তাব গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


(মুহাম্মাদ আবুল খায়ের)
তথ্য অফিসার
জেলা তথ্য অফিস, সিরাজগঞ্জ
সভাপতি, দরপত্র মূল্যায়ন কমিটি।
ফোন: ০৭৫১- ৬২১৯৬

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

পাতা/০২

বিতরণ : (বহল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানো ও ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১. অফিস নোটিশ বোর্ড - ০১(এক) কপি।
২. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ, নোটিশবোর্ড-০১ (এক) কপি।
৩. মেয়র, সিরাজগঞ্জ, পৌরসভা-এর নোটিশ বোর্ড-০১ (এক) কপি।
৪. গণপূর্ত বিভাগ, সিরাজগঞ্জ-এর নোটিশ বোর্ড- ০১(এক) কপি।
৫. সড়ক ও জনপদ বিভাগ, সিরাজগঞ্জ - ০১(এক) কপি।
৬. নোটিশ বোর্ড, জেলা তথ্য অফিস, /ওয়েবসাইট: www.info.sirajganj.gov.bd


(মুহাম্মাদ আবুল খায়ের)
তথ্য অফিসার
জেলা তথ্য অফিস, সিরাজগঞ্জ

